



কৃষি বিভাগ • পশ্চিমবঙ্গ সরকার

-:বিজ্ঞপ্তি:-

পত্র সংখ্যা : 294/PLB(Dte)/FOAP/18-19

তারিখ : 31.08.2018

কৃষি বিভাগ পশ্চিমবঙ্গ সরকার এর আদেশনামা নং 408-AG/Co-ordn./O/5A-01/2015 তারিখ ২৮ শে মে ২০১৮ এবং নং 1181-AG/Co-ordn./O/5A-01/2015 তারিখ ২৮ শে আগস্ট ২০১৮ অনুসারে কৃষি অধিকার পশ্চিমবঙ্গ সরকার 'কৃষক বার্ষিক্য ভাতা' প্রদানের জন্য ব্লক ভিত্তিক সম্ভাব্য নতুন প্রাপকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করছে।

নিম্নলিখিত শর্তগুলি পূরণ সাপেক্ষে উপযুক্ত ব্যক্তিগণ আবেদন করতে পারেন :

- ক) ০১-০৭-২০১৮ তারিখে বয়স ন্যূনতম ৬০ বছর [অন্যভাবে সক্ষম (Physically challenged) দের ক্ষেত্রে ৫৫ বছর] পূর্ণ হতে হবে।
- খ) কমপক্ষে শেষ ১০ বছর পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।
- গ) কৃষক হলে সর্বাধিক ১ একর জমির মালিক বা বর্গাদার হলে সর্বাধিক ২ একর জমি চাষ করতেন বা ভূমিহীন ক্ষেত্রে মজুর।
- ঘ) জীবনধারণের জন্য কোনরকম সংস্থান নেই কিংবা নিকটাত্মীয় কেউ দেখভাল করেন না।
- ঙ) রাজ্য সরকার অথবা কেন্দ্রীয় সরকার অথবা তাদের দ্বারা পরিচালিত/পোষিত কোনো সংস্থা থেকে কোনো প্রকার ভাতা বা আর্থিক সাহায্য পান না।
 - আবেদন জমা দেবার শুরুর তারিখ : ০৬.০৯.২০১৮
 - আবেদন জমা দেবার শেষ তারিখ : ২০.০৯.২০১৮
 - আবেদন জমা দেবার স্থান : স্থানীয় ব্লকের সহকারী কৃষি অধিকর্তা এর অফিস।

আবেদনপত্র প্রাপ্তি স্থান : www.matirkatha.gov.in এই website থেকে ডাউনলোড করা যাবে। এছাড়া ও স্থানীয় ব্লকের সহ কৃষি অধিকর্তা / মহকুমার সহ কৃষি অধিকর্তা (প্রশাসন) / জেলার উপ কৃষি অধিকর্তা (প্রশাসন) এর অফিস থেকে বিনামূল্যে পাওয়া যাবে। পরিষ্কার হাতের লেখায় নির্দিষ্ট ফর্মাটে সাদা কাগজে লিখেও জমা দেওয়া যাবে।

এ বিষয়ে আরো বিশদে জানতে উপরিলিখিত তিনটি অফিসের যে কোন অফিসে যোগাযোগ করতে পারেন।

দ্রষ্টব্য : দার্জিলিং (শিলিগুড়ি মহকুমা বাদে) এবং কালিম্পং জেলার জন্য এই সংক্রান্ত বিজ্ঞপ্তি পরে প্রকাশিত হবে।

- স্বাক্ষর -

কৃষি অধিকর্তা ও পদাধিকারবলে সচিব
কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার